



ফজলুর রহমানবিরোধী স্লোগানে আলোচিত ফারজানা এবার চাঁদাবাজি মামলায় গ্রেপ্তার



সংগৃহীত ছবি

বিএনপি নেতা ফজলুর রহমানের বিরুদ্ধে স্লোগান দেওয়ার পর আলোচনায় আসা ফারজানা তমাকে চাঁদাবাজির মামলায় গ্রেপ্তার করেছে পুলিশ। উত্তরা পশ্চিম থানায় দায়ের করা মামলায় অভিযোগ রয়েছে, ফারজানাসহ কয়েকজন ভয়ভীতি দেখিয়ে ১০ লাখ টাকা দাবি করেছিলেন। এর মধ্যে ৫ লাখ ৫০ হাজার টাকা নিলেও অবশিষ্ট টাকা না দিলে ক্ষতির হুমকি দেন তারা।

বিএনপি নেতা ফজলুর রহমানের বাসার সামনে উত্তেজনাপূর্ণ স্লোগান দিয়ে আলোচিত হওয়া ফারজানা তমা এবার চাঁদাবাজির মামলায় গ্রেপ্তার হয়েছেন। শুক্রবার (১২ সেপ্টেম্বর) সন্ধ্যায় রাজধানীর উত্তরা জসিম উদ্দিন এলাকা থেকে তাকে গ্রেপ্তার করে পুলিশ। মামলার বাদী রিয়াজ উদ্দিন আহমেদ অভিযোগ করেন, গত ১১ সেপ্টেম্বর রাত ১টা ১০ মিনিটে ফারজানা তমা, এইচএম ওসমান রেজা, তানজিলসহ কয়েকজন অজ্ঞাতপরিচয় ব্যক্তি উত্তরা পশ্চিমের ১৩ নম্বর সেক্টরের একটি বাড়িতে প্রবেশ করেন। তারা পূর্বের একটি মামলায় আপস করিয়ে দেওয়ার নাম করে বাদীর ভগ্নিপতিকে মুক্ত করার শর্তে ১০ লাখ টাকা দাবি করেন।

অভিযোগে বলা হয়, হুমকির মুখে বাদী ৫ লাখ ৫০ হাজার টাকা আসামিদের হাতে তুলে দেন। তবে অবশিষ্ট ৪ লাখ ৫০ হাজার টাকা না দিলে বড় ক্ষতির হুমকি দেওয়া হয়। এর আগের রাতেও তারা সমন্বয়ক পরিচয়ে একই দাবিতে চাপ সৃষ্টি করেছিলেন এবং শুক্রবার বিকেল ৪টার মধ্যে বাকি টাকা পরিশোধের আলটিমেটাম দিয়েছিলেন।

ঘটনার পর পুলিশ অভিযান চালিয়ে প্রথমে নোমান রেজাকে গ্রেপ্তার করে। তার দেওয়া তথ্যে পরে তানজিল ও ফারজানা তমাকে উত্তরার জসিম উদ্দিন এলাকা থেকে আটক করা হয়। পুলিশ জানায়, নির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে ফারজানা তমাসহ দুজনকে গ্রেপ্তার করা হয়েছে। ইতোমধ্যে তাদের আদালতে হাজির করা হয়েছে।